গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [১.২] নং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে আয়োজিত চতুর্থ অবহিতকরণ সভার কার্যবিবরণী (এপ্রিল-জুন, ২০২৪)( চতুর্থ কোয়ার্টার)**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৫-০৬-২০২৪ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | জুম প্লাটফর্মে রেকর্ডকৃত |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম সম্পর্কে প্রাথমিক আলোচনা করতে বলেন। সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উপপরিচালক (অর্থ/প্রশাসন ও পরিকল্পনা) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর চতুর্থ কোয়ার্টারের অগ্রগতি কার্যক্রমসমূহ তুলে ধরেন এবং বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাসমূহ বিস্তারিত আলোচনা করেন।

২.০ উপপরিচালক (অর্থ/প্রশাসন ও পরিকল্পনা) বলেন ইতোমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বিএমডির যেহেতু আওতাধীন দপ্তর/সংস্থা নেই তাই স্টেকহোল্ডাগণের সমন্বয়ে চার কোয়ার্টারে ০৪ (চার) টি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। ত্রৈমাসিক প্রতিবেদন এই কোয়ার্টার শেষ হলে ১৫ জুলাই, ২০২৪ তারিখের মধ্যে উর্ধ্বতন অফিসে প্রেরণ করা হবে। বিএমডির ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে যা ২য় কোয়ার্টারে সম্পন্ন করা হয়েছে। অতঃপর তিনি বিএমডি যেসকল সেবা প্রদান করে থাকে তা আলোচনা করেন। আলোচনা শেষে তিনি অংশীজনদের মতামত জানতে চাইলে মৌলভীবাজারের সিলিকাবালু কোয়ারি ০১ জন ইজারাদার জানান, মৌলভীবাজার জেলার গেজেটভূক্ত সিলিকাবালু ছড়া হতে অবৈধভাবে প্রতিদিন বালু উত্তোলন করা হয় এবং তা খুব স্বল্প মূল্যে বিক্রি করা হচ্ছে। ফলে সরকার প্রতিবছর কোটি কোটি টাকার রাজস্ব হাড়াচ্ছে। বিএমডির মহাপরিচালক মহোদয় বলেন সঠিক তথ্য প্রমাণ পেলে বিএমডি অবশ্যই অবৈধভাবে সিলিকাবালু উত্তোলনের বিষয়টি অনুসন্ধান করে দেখবে এবং অবৈধ উত্তোলন বন্ধ করার জন্য সঠিক পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়া অবৈধ উত্তোলন বন্ধে তিনি স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করেন।

৩.০ মৌলভীবাজারের ইজারাদার জনাব রাসেল মিয়া মৌলভীবাজার জেলার যেসকল সিলিকাবালু কোয়ারি বর্তমানে ইজারা বহির্ভূত অবস্থায় রয়েছে সেগুলো ভবিষ্যতে ইজারা দেওয়ার কী পরিকল্পনা আছে তা জানতে চান। বিএমডির উপপরিচালক (সংযুক্ত), জনাব মোঃ মামুনুর রশীদ বলেন অইজারাকৃত সিলিকা বালু কোয়ারিসমূহ দ্রুত ইজারা প্রদানের কার্যক্রম শুরু করা হবে।

বিএমডির সহকারী পরিচালক (ভূ-রসায়ন) বলেন, বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা) কর্তৃক দায়েরকৃত একটি মামলায় মৌলভীবাজার জেলার সিলিকা বালু কোয়ারিসমূহ ইজারা প্রদানের পূর্বে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের নির্দেশনা রয়েছে। বর্তমানে যে ০৬ টি সিলিকা বালু কোয়ারি ইজারাধীন রয়েছে, সেগুলো ব্যক্তি পর্যায়ে

পরিবশগত ছাড়পত্র সংগ্রহের পর ইজারা প্রদান করা হয়েছে। আগামী অর্থবছরে বিএমডি পরিবেশ অধিদপ্তর হতে নিজেরাই ছাড়পত্র নিয়ে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কোয়ারিসমূহ ইজারা প্রদান করবে। ফলে, ইজারাগ্রহীতাদের ভোগান্তি অনেকাংশে দূর হবে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী অনুসন্ধান লাইসেন্স, কোয়ারি ইজারা ও খনি ইজারা অব্যাহত রাখতে হবে।
২. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথ বাস্তবায়ন করতে হবে।

৫.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৬-২০২৪
মোঃ আব্দুল কাইউম সরকার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.২৪.২৯৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৫। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৬। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৮। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ;
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
১৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
১৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
১৫। জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব), জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট;
১৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়;
১৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান;
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
২০। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড এবং
২১। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

৩০-০৬-২০২৪
মোসাঃ মাহবুবা খাতুন
উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)